

ঢাকা বিশ্ববিদ্যালয়(ঢাবি) এবং এর অধিভুক্ত সাত কলেজের ২২৯ শিক্ষার্থী বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গ ও পরীক্ষায় নানা অনিয়মে জড়িত থাকায় এমন সিদ্ধান্ত নিয়েছে ঢাবি কর্তৃপক্ষ। সোমবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আখতারুজ্জামানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা বিমোদী কাজে জড়িত থাকায় কয়েকজন শিক্ষার্থীকে একাধিক তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে বহিষ্কার করার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। একইসঙ্গে ঢাবি অধিভুক্ত ৭ কলেজের দুইশ'র বেশী শিক্ষার্থীকে পরীক্ষায় নকলে জড়িত থাকার অভিযোগে নানা মেয়াদে শাস্তির সুপারিশ করা হয়েছে বলেও জানান তিনি।